

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জানুয়ারি ২৮, ২০১৮

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৫ মাঘ, ১৪২৪/২৮ জানুয়ারি, ২০১৮

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ১৫ মাঘ, ১৪২৪ মোতাবেক ২৮ জানুয়ারি, ২০১৮ তারিখে
রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য
প্রকাশ করা যাইতেছে :—

২০১৮ সনের ০৪ নং আইন

ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে কতিপয় ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ (১৯৯১
সনের ১৪ নং আইন) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—এই আইন ব্যাংক-কোম্পানী (সংশোধন) আইন, ২০১৮
নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। ১৯৯১ সনের ১৪ নং আইনের ধারা ৩ এর সংশোধন।—ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১
(১৯৯১ সনের ১৪ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৩ এর উপ-ধারা (৩) এ
উল্লিখিত “উপ-ধারা (১) এর” শব্দগুলি ও বক্ষনীগুলি বিলুপ্ত হইবে।

৩। ১৯৯১ সনের ১৪ নং আইনের ধারা ৭ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ৭ এর উপ-ধারা
(৩) এ উল্লিখিত “এই আইনের” শব্দগুলি বিলুপ্ত হইবে।

৪। ১৯৯১ সনের ১৪ নং আইনের ধারা ৮ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ৮ এর
শর্তাংশের দফা (ক) তে উল্লিখিত “ধারা ২৬ (১)” শব্দ, সংখ্যাগুলি ও বক্ষনীগুলির পরিবর্তে “ধারা
২৬” শব্দ ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে।

(৯২৯)

মূল্য : টাকা ৮.০০

৫। ১৯৯১ সনের ১৪ নং আইনের ধারা ১৫ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ১৫ এর—

- (ক) উপ-ধারা (৪) এ উল্লিখিত “প্রধান নির্বাহী কর্মকর্তা” শব্দগুলির পর “নির্বাচন বা, ক্ষেত্রমত, মনোনয়নের পর” শব্দগুলি সন্নিবেশিত হইবে;
- (খ) উপ-ধারা (১০) এ উল্লিখিত “দুইজনের” শব্দটির পরিবর্তে “চারজনের” শব্দটি প্রতিস্থাপিত হইবে।

৬। ১৯৯১ সনের ১৪ নং আইনের ধারা ১৫কে এর সংশোধন।—উক্ত আইনের ধারা ১৫কে এর পরিবর্তে নিম্নরূপ ধারা ১৫কে প্রতিস্থাপিত হইবে, যথা:—

“১৫কে। পরিচালক পদের মেয়াদ, ইত্যাদি।—(১) আপাতত বলবৎ অন্য কোনো আইন অথবা কোনো ব্যাংক-কোম্পানীর সংস্থারক ও সংঘবিধিতে ভিন্নতর যাহা কিছুই থাকুক না কেন, ব্যাংক-কোম্পানী (সংশোধন) আইন, ২০১৭ কার্যকর হইবার পর কোনো ব্যক্তি কোনো ব্যাংক-কোম্পানীর পরিচালক পদে একাদিক্রমে ৯ (নয়) বৎসরের অধিক অধিষ্ঠিত থাকিতে পারিবেন না।

(২) কোনো ব্যক্তি উপ-ধারা (১) এর অধীন একাদিক্রমে ৯ (নয়) বৎসর কোনো ব্যাংক-কোম্পানীর পরিচালক পদে অধিষ্ঠিত থাকিলে উক্ত মেয়াদ শেষ হইবার পর ৩ (তিনি) বৎসর অতিবাহিত না হওয়া পর্যন্ত তিনি উক্ত ব্যাংক-কোম্পানীর পরিচালক পদে পুনঃনিযুক্ত হইবার যোগ্য হইবেন না।

ব্যাখ্যা।—এই ধারার উদ্দেশ্য পূরণকল্পে, কোনো ব্যক্তি পরিচালক পদে ৩ (তিনি) বৎসরের চাইতে কম সময় অধিষ্ঠিত না থাকিলে একাদিক্রমে ৯ (নয়) বৎসর গণনার ক্ষেত্রে উক্ত সময়ও অন্তর্ভুক্ত হইবে।”।

৭। ১৯৯১ সনের ১৪ নং আইনের ধারা ১০৯ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ১০৯ এর উপ-ধারা (১১) তে উল্লিখিত “এই আইনের” শব্দগুলি বিলুপ্ত হইবে এবং “ধারা ২৬ এর উপ-ধারা (৮)” শব্দ, সংখ্যা ও বক্রনীগুলির পরিবর্তে “ধারা ২৬ক এর উপ-ধারা (৩)” শব্দ, সংখ্যা ও বক্রনীগুলি প্রতিস্থাপিত হইবে।

৮। ১৯৯১ সনের ১৪ নং আইনের ধারা ১১৮ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ১১৮ এর প্রথমোক্ত “এই আইনের” শব্দগুলি বিলুপ্ত হইবে।

ড. মোঃ আব্দুর রব হাওলাদার
সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd